



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার ৩য় বর্ষ ৩য় সংখ্যা ডিসেম্বর ২০১৩ খ্রিঃ www.wpsa-bb.com

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয় পৃষ্ঠা ২
- ২। প্রবন্ধ/নিবন্ধ: পৃষ্ঠা ২-৫
- ৩। WPSA-BB বার্তা: পৃষ্ঠা ৬-৭
- ৪। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা: পৃষ্ঠা ৮

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

মসিউর রহমান, সভাপতি- WPSA-BB
মোঃ রফিকুল হক, সম্পাদক- WPSA-BB
মোঃ আব্দুর রাজ্জাক মিয়া, প্রাক্তন সভাপতি- WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এস. ডি. চৌধুরী, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ই-মেইলঃ drsdchow@gmail.com

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ডাঃ মোঃ কামরুজ্জামান, যুগ্ম- সম্পাদক- WPSA-BB
ডাঃ এসএমএফবি আব্দুস সবুর, কার্যনির্বাহী সদস্য- WPSA-BB
ড. মোঃ ইলিয়াস হোসেন, সদস্য- WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯
ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com
ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206.
Tel : + 88 02 8750747, Fax : + 88 02 8818532
Mob : + 88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

সভাপতির বাণী



ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন - বাংলাদেশ শাখার ত্রৈমাসিক 'WPSA-BB নিউজলেটার-এর তৃতীয় বর্ষের ৩য় সংখ্যাও যথাসময়ে প্রকাশিত হচ্ছে যেনে আমি নিউজলেটার সম্পাদনায় সম্পৃক্ত সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাচ্ছি।

প্রিয় পাঠক, আপনারা নিশ্চয়ই অবগত আছেন যে, বাংলাদেশে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব দেখা দেওয়ার পর থেকে প্রতি বছরই শীত মৌসুমে বিশেষতঃ ডিসেম্বর, জানুয়ারি, ফেব্রুয়ারি এবং মার্চ মাসে প্রাদুর্ভাবের মাত্রা বেড়ে যায়। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, তাপমাত্রা কমার পূর্বে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য সময়োচিত পদক্ষেপ গ্রহণ করা হয় না বিধায় এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব প্রকট আকার ধারণ করে। তাই রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য এ সময়ে ফুকে গুণগত মানসম্পন্ন খাবার সরবরাহ নিশ্চিত করাসহ সঠিকভাবে বায়োসিকিউরিটি বা জীব নিরাপত্তা ব্যবস্থাপনায় মনোযোগী হওয়া খুবই জরুরী। নচেৎ ফুকে ক্ষতিকর জীবানুর মাত্রা বেড়ে গিয়ে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার মাত্রাও বেড়ে যেতে পারে। শীত মৌসুম শুরু হওয়ার পূর্বেই অবশ্যই ফার্মের বায়োসিকিউরিটি উন্নতকরণে নজরদারী রাখা অতীব প্রয়োজন বলে আমি মনে করি। একই সাথে বিশেষজ্ঞের পরামর্শ মোতাবেক ফার্মে গুণগত মান সমৃদ্ধ খাবার ও ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব প্রতিরোধক ঔষধ প্রয়োগ ফলদায়ক হতে পারে। উল্লেখ্য যে, গত বছর সরকারী উদ্যোগে পরীক্ষামূলকভাবে ভ্যাকসিন প্রয়োগ ফলপ্রসূ হয়েছে বিধায় আসন্ন শীত মৌসুমেও আগাম সতর্কতা হিসেবে সারাদেশে ভ্যাকসিন কর্মসূচী চালুর জন্য সদাশয় কর্তৃপক্ষের নিকট আমরা জোর দাবী জানিয়েছি। এ কথা অনস্বীকার্য যে, বায়োসিকিউরিটি ও প্রতিষেধক (ভ্যাকসিন) ব্যবস্থা নিশ্চিত করা গেলে এ শিল্পে অনেক সম্ভাবনাময়ী উদ্যোক্তা বিনিয়োগে উৎসাহী হবে বলে আমি বিশ্বাস করি।

সুপ্রিয় পাঠক, মানুষের জন্য পুষ্টির খাদ্য সবসময় প্রয়োজন। জীবনধারণ ছাড়াও সুস্থ ও সবলভাবে বেঁচে থাকার জন্য প্রোটিনসমৃদ্ধ খাদ্যের বিকল্প নেই। দুর্মূল্যের বাজারেও সাধারণ মানুষের ক্রয় ক্ষমতার মধ্যে রয়েছে ডিম ও ব্রয়লার মুরগী। এ সমস্ত খাদ্যের সরবরাহ নিশ্চিত করার দায়িত্ব আমাদের সকলের। তাই চলমান রাজনৈতিক কর্মসূচীতে একদিন বয়সী মুরগীর বাচ্চা, জীবন্ত মুরগী, ডিম ও পোল্ট্রি খাদ্য বহনকারী গাড়ী জনস্বার্থে হরতাল-অবরোধের আওতাভুক্ত রাখার জন্য আমরা হরতাল আহ্বানকারী জোটের নিকট পত্রিকার মাধ্যমে আবেদন জানিয়েছি।

পরিশেষে WPSA-BB কর্তৃক রাজশাহী অঞ্চল ও বগুড়া জেলার তৃণমূল সদস্য ও ক্ষুদ্র খামারীদের জন্য “সোনালী মুরগী উৎপাদন, ব্যবস্থাপনা ও বাজারজাতকরণ” শীর্ষক আঞ্চলিক কর্মশালার সফল আয়োজনে সম্পৃক্ত WPSA-BB কার্যনির্বাহী পরিষদ ও অন্যান্য সদস্যবৃন্দ, কর্ম-পরিকল্পনা কমিটির সম্মানিত সদস্য, কারিগরি পেপার উপস্থাপনকারী, প্রাণিসম্পদ বিভাগ ও এর সকল সহযোগী কর্মকর্তা এবং বগুড়া অঞ্চল পোল্ট্রি ওনার্স ও হ্যাচারী মালিক সমিতি নেতৃবৃন্দের নিকট আমি কৃতজ্ঞতা প্রকাশ করছি।

সম্মানিত পাঠকবৃন্দ, পাঠকের ভালবাসা, সম্মানিত লেখকদের আন্তরিকতা, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ী এবং WPSA-BB এর সম্মানিত সদস্যদের সহযোগিতা আমাদের সবসময় কাম্য। ‘WPSA-BB নিউজলেটার’ এর সার্বিক মান উন্নয়নে আপনারদের নতুন নতুন ধারণা, গঠনমূলক সমালোচনা ও পরামর্শ কামনা করছি। সবাইকে আবারো শুভেচ্ছা।

মসিউর রহমান
সভাপতি, WPSA-BB

